দৈনিক ইত্তেফাক

20 MAR 2017

১২ ... ৬

# পরীক্ষা নিয়ন্ত্রক কারাগারে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা স্থগিত

■ গাজীপুর প্রতিনিধি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের আগামী ৩ এপ্রিলের স্নাতকোত্তর শেষ বর্ষের সকল পরীক্ষা স্থগিত করা হয়েছে। ওইদিন ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের নিয়মিত ও প্রাইভেট (নতুন সিলেবাস) এমএ, এমএসএস, এমবিএ, এমএসসি ও এম মিউজ শেষ পর্ব (আইসিটিসহ) পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার কথা ছিল। বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ, তথ্য ও পরামর্শ দপ্তরের ভারপ্রাপ্ত পরিচালক মোঃ ফয়জুল করিম স্বাক্ষরিত বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে 'অনিবার্য কারণবশত পরীক্ষা স্থগিত করা হলো'। তবে যোগাযোগ করা হলে ভিসি প্রফেসর ড. হারুন-অর-রশিদ স্বীকার করেছেন, পরীক্ষা নিয়ন্ত্রক কারাগারে থাকায় পরীক্ষা স্থগিত করা হয়েছে।

ভিসি বলেন, পরীক্ষা নিয়ন্ত্রক পরীক্ষা গ্রহণ করেন। তিনি পরীক্ষার মূলব্যক্তি। তিনি প্রশ্নপত্র ছাপানো, বিতরণ, সমন্বয়, মনিটরিং, কেন্দ্রের সাথে যোগাযোগ রক্ষা করেন। তিনি জামিন না পেলে আমাদের পক্ষে পরীক্ষা নেয়া কঠিন। তাই আপাতত পরীক্ষা বন্ধ রাখা হয়েছে। আবার পরীক্ষার শিডিউল দেয়া হবে। উল্লেখ্য, মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী আ ক ম মোজাম্মেল হকের দায়ের করা দুর্নীতি মামলায় জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত পরীক্ষা নিয়ন্ত্রক ১৪ মার্চ গ্রেফতার হয়ে কারাগারে আছেন। এর আগে ১৩ ফেব্রুয়ারি একই মামলায় গ্রেফতারের পর তার তিন সহকর্মী আদালতের মাধ্যমে জামিনে আছেন। ওই মামলায় জাতীয় বিশ্ববিদ্যালয়ের সাবেক ভিসি অধ্যাপক কাজী শহীদুল্লাহসহ মোট ১৩ জনকে আসামি করা হয়।